

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আবদুল গনি রোড, ঢাকা।  
Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৩৬৬.১৮.৫৫৫৫

তারিখঃ ২২/০৬/২০২২ খ্রিঃ

বিষয় : প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দের চাহিদাপত্র প্রেরণ।

সূত্র : উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর এর স্মারক নং-৬৯৫, তারিখঃ ১৩/০৬/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে মাদিলাহাট এলএসডি, ফুলবাড়ী, দিনাজপুর এর অনুকূলে সাকুল্য বেতন (শ্রমিক মজুরী) খাতে অর্থ বরাদ্দের জন্য অনুরোধ জানানো হয়েছে।

কিন্তু প্রেরিত চাহিদাপত্র এবং সংযুক্ত পাতা পর্যালোচনা করে দেখা যায় যে, ২০১৭-১৮ অর্থ বছর হতে চলতি ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত প্রতি অর্থ বছরেই পূর্ববর্তী অর্থ বছরের বকেয়া পরিশোধের কথা উল্লেখ করা হয়েছে যা কাম্য নয়। প্রতি অর্থ বছরেই বকেয়া থাকার স্বপক্ষে বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করা হয়নি।

এমতাবস্থায়; বিগত ২০১৭-১৮ অর্থ বছর হতে অর্থবছরভিত্তিক প্রাপ্ত বরাদ্দ, মাসভিত্তিক ব্যয় বিবরণী, মজুরীর হার ও বিস্তারিত হাজিরা বিবরণীসহ কেন ও কি কারণে বকেয়ার উদ্ভব হলো তা বিস্তারিতভাবে উল্লেখপূর্বক পুনঃচাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(মো: শেখ আসাদুজ্জামান)  
সহকারী উপপরিচালক

ই-মেইল adbudget @dgfood.gov.bd

  
২২/০৬/২২

(মো  
সহ  
ই-মেইল-ai

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, দিনাজপুর।


স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৩৬৬.১৮.৫৫৫৫/১৭

তারিখঃ ২২/০৬/২০২২ খ্রিঃ


সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাদিলাহাট এলএসডি, ফুলবাড়ী, দিনাজপুর।



সহকারী উপপরিচালক  
হিসাব ও অর্থ বিভাগ

  
২২/০৬/২২